



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন: ৮১৮০১৪৩
ফ্যাক্স: ৮১৮৯০২৯

নং: ৪৭.৬২.০০০০.৯৬৮.০০.৯২৪.১৬- ১৭


তারিখ: ০৭/০১/২০১৮ খ্রিঃ

বিষয় : সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ বাবদ ধার্যকৃত অর্থ প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭.১৩.৩৭৩৪ তারিখ: ২৪/০৫/২০১৬ খ্রিঃ মূলে প্রকল্পভুক্ত সকল উপজেলা থেকে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ বাবদ মাসিক (১৭০০+৮০০) = ২,৫০০.০০ টাকা হিসেবে ০৩ (তিন) মাস অন্তর ৭,৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকার ডিডি/পে-অর্ডার প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা সত্ত্বেও অনেক উপজেলা থেকে এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ বাবদ ধার্যকৃত অর্থ অদ্যাবদি প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, যে সকল উপজেলা থেকে এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ বাবদ ধার্যকৃত অর্থ প্রেরণ করা হয়নি সে সকল উপজেলা থেকে জরুরী ভিত্তিতে ডিসেম্বর/২০১৭ খ্রিঃ পর্যন্ত বর্নিত অর্থ প্রেরণ ও পরবর্তীতে নিয়মিতভাবে প্রতি ০৩ মাস অন্তর বর্নিত অর্থ প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ (প্রকল্পভুক্ত ৫৯টি উপজেলা)।


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং- ০২-৮১৮০১৪৪

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তরঃ..... (প্রকল্পভুক্ত ১৫টি জেলা)।
- ২। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। অফিস কপি/গার্ড ফাইল।